

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রকল্প
কেন্দ্রীয় পরিবহণ পুল ভবন (কক্ষ নং ৯০৮-৯০৯)
সচিবালয় লিঙ্ক রোড, ঢাকা-১০০০
ওয়েব সাইট: br.lgd.gov.bd

নির্ভুল নিবন্ধন একবার
বিড়ঘনা নয় বারবার

স্মারক নং: স্থাসবি/জমনিপ্র/প্রপকা/বিবিধ-১৮/২০১৫- ২৩১

তারিখ: ৭-৩-১৪২২
২২-০৭-২০১৫

বিষয়: জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন ও বিধি অনুযায়ী সংশ্লিষ্ট সকল ক্ষেত্রে জন্ম ও মৃত্যু সনদ ব্যবহার নিশ্চিতকরণ প্রসঙ্গে।

সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশে জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ (২০০৪ সনের ২৯ নং আইন) এর- ১৮ (১) ধারানুসারে কোন ব্যক্তির বয়স জন্ম ও মৃত্যু বৃত্তান্ত প্রমাণের ক্ষেত্রে কোন অফিস, আদালত, স্কুল, কলেজ, সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানে এই আইনের অধীন প্রদত্ত জন্ম বা মৃত্যু সনদ সাক্ষ্য হিসাবে বিবেচিত হয়। তদুপরি একই আইনের বিধিমালাসমূহ অনুসারে (ক) পাসপোর্ট ইস্যু; (খ) বিবাহ নিবন্ধন; (গ) শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি; (ঘ) সরকারী, বেসরকারী বা স্বায়ত্বশাসিত সংস্থায় নিয়োগদান; (ঙ) ড্রাইভিং লাইসেন্স ইস্যু; (চ) ভোটার তালিকা প্রণয়ন; (ছ) জমি রেজিস্ট্রেশন; (জ) ব্যাংক হিসাব খোলা; (ঝ) আমদানী ও রপ্তানী লাইসেন্স প্রাপ্তি; (ঞ) গ্যাস, পানি, টেলিফোন ও বিদ্যুৎ সংযোগ প্রাপ্তি; (ট) ট্যাক্স আইডেন্টিফিকেশন নম্বর (টিআইএন) প্রাপ্তি; (ঠ) ঠিকাদারী লাইসেন্স প্রাপ্তি; (ড) বাড়ির নক্সার অনুমোদন প্রাপ্তি; (ঢ) গাড়ির রেজিস্ট্রেশন প্রাপ্তি; (ণ) ট্রেড লাইসেন্স প্রাপ্তি ও (ত) জাতীয় পরিচয়পত্র প্রাপ্তি; (থ) লাইফ ইন্সুরেন্স প্রাপ্তির ক্ষেত্রে বয়স প্রমাণের জন্য জন্ম নিবন্ধন সনদ এবং (ক) সাকসেশন সার্টিফিকেট প্রাপ্তি; (খ) পারিবারিক পেনশন প্রাপ্তি; (গ) মৃত্যু ব্যক্তির লাইফ ইন্সুরেন্স; (ঘ) নাম জারী ও জমি ভাগ প্রাপ্তির ক্ষেত্রে মৃত্যু নিবন্ধন সনদ প্রদর্শন বাধ্যতামূলক। সম্প্রতি (ক) পাসপোর্ট ইস্যু; (খ) বিবাহ নিবন্ধন; (গ) শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি; (ঘ) জমি রেজিস্ট্রেশনসহ বিভিন্ন ক্ষেত্রে জন্ম নিবন্ধন সনদ প্রদর্শন করার জন্য সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠানসমূহ নির্দেশনা জারী করেছে। এছাড়াও কঠোরভাবে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ বয়স প্রমাণের জন্য জন্ম ও মৃত্যু নিবন্ধন সনদ দেখলে জন্ম ও মৃত্যু নিবন্ধন সনদের ব্যবহার বাড়বে এবং সকল মানুষই তা সংগ্রহ ও সংরক্ষণ করবে।

জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন ও বিধিমালাসমূহ অনুসারে যে ১৭টি ক্ষেত্রের জন্য জন্ম নিবন্ধন সনদ ও ৫টি ক্ষেত্রে মৃত্যু নিবন্ধন সনদ ব্যবহার বাধ্যতামূলক; তা কার্যকর করতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হলো।



(শেখ মুজিবুর রহমান এনডিসি)

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন- ৯৫৫৬৬০৬

ইমেইল: onlinebris@gmail.com

কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। গভর্নর, বাংলাদেশ ব্যাংক।
- ২। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মহাপরিচালক, পাসপোর্ট ও বস্ত্রিগমন অধিদপ্তর, ঢাকা।
- ৪। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর।
- ৫। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
- ৬। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৭। মহাপরিচালক, জাতীয় বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।
- ৮। মহাপরিচালক, তার ও টেলিফোন বোর্ড, ঢাকা।
- ৯। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা।
- ১০। প্রকল্প পরিচালক, জাতীয় পরিচয়পত্র প্রকল্প, আগারগাঁও, ঢাকা।
- ১১। পরিচালক, বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি, ঢাকা।
- ১২। পরিচালক, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ১৩। জেনারেল ম্যানেজার, তিতাস গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিঃ ঢাকা।

জ্ঞাতার্থে:

- ১। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।